

## অফিস/শাখা এবং এটিএম বুথের নিরাপত্তায় নিয়োজিত নিরাপত্তা কর্মীদের দায়িত্ব তদারকি এবং নিরাপত্তা নির্দেশনা

করোনা ভাইরাসের সংক্রমণের কারণে বিশ্বব্যাপী মহামারী চলছে। বাংলাদেশেও এ ভাইরাসের সংক্রমণ বেড়েই চলছে। করোনা ভাইরাসজনিত মহামারীর এ সংকটকালীন সময়ে জনসমাগমমুহুরসমূহ পূর্বের অবস্থায় ফিরে আসেনি। অফিস, রাস্তা, বিপনীবিতান, যাত্রী পরিবহন স্টেশন ইত্যাদিতে মানুষের উপস্থিতি এখনও অনেক কম। করোনা পরিস্থিতিতে মানুষের কর্মচাঞ্চল্য স্বাভাবিক অবস্থায় না থাকার সুযোগে সুযোগ সন্ধানী, দুর্বৃত্ত কর্তৃক অসাধু কর্মকান্ড সম্পাদনের চেষ্টা বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি সংঘটিত কয়েকটি ঘটনায় এ বিষয়ে উদ্বেগের মাত্রাও বৃদ্ধি পেয়েছে। সোনালী ব্যাংক লিমিটেড এর অফিস/শাখা এবং এটিএম বুথের নিরাপত্তায় নিয়োজিত নিরাপত্তা কর্মীদের দায়িত্ব তদারকি এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিতের জন্য পূর্বের নির্দেশনাসমূহের পাশাপাশি নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য অনুরোধ করা হল-

- (ক) অফিস, শাখা, এটিএম বুথের সিসি ক্যামেরা সচল ও ব্যবহার উপযোগী রাখতে। ফুটেজ ঠিকমত রেকর্ড ও সংরক্ষণ হচ্ছে কি-না তা যাচাই করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট ভেডর প্রতিষ্ঠান/ ইনফরমেশন টেকনোলজি ডিভিশন(আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট) হটলাইন নং- ০১৪০৬ ০০০০০০(৩); মোবাইল ফোন : ০১৭৭৭৭৩৪৯৯৮, ০১৭০৮১২২৩৮০, ০১৭০৮১২২৩৮৩ এর সাথে যোগাযোগ করে ব্যবস্থা নিতে হবে।
- (খ) আকস্মিক পরিদর্শনের মাধ্যমে নিরাপত্তা কর্মীদের দায়িত্ব তদারকি করতে হবে। এছাড়াও ফোনে নিরাপত্তা কর্মীদের উপস্থিতি সম্পর্কে অবহিত হতে হবে।
- (গ) বিভিন্ন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী যেমন- পিপিই, মাস্ক, ফেস শিল্ড, গগলস ইত্যাদি পরিধান করে নিজের অবয়ব আবৃত করে দুষ্কৃতিকারীরা অপরাধমূলক কর্মকান্ড সম্পাদনের চেষ্টা করতে পারে। অবয়ব আবৃত থাকায় সিসি টিভি-তে শনাক্তকরণ উপযোগী ফুটেজ রেকর্ড হয় না। এ বিষয়ে নিরাপত্তা কর্মীদের যথাযথ ব্রিফিং দিতে হবে।
- (ঘ) নিরাপত্তা কর্মীদের করোনা ভাইরাস হতে সুরক্ষা সামগ্রী সরবরাহ এবং তা ব্যবহার তদারকি করতে হবে। নিরাপত্তা কর্মীদের কেউ যদি আক্রান্ত হন তাহলে তাদের নিজ নিজ কোম্পানীর সাথে আলোচনা করে প্রতিস্থাপক নিয়োজিত করে আক্রান্ত কর্মীকে প্রত্যাহার করতে হবে। আক্রান্ত কর্মীর থাকার স্থান, ব্যবহৃত জিনিসপত্র স্যানিটাইজ করতে হবে।
- (ঙ) নিকটবর্তী থানা, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, টহল পুলিশ, ফায়ার সার্ভিস এর ফোন, মোবাইল ফোন নম্বর শাখার দৃশ্যমান স্থানে টানাতে হবে এবং নিরাপত্তা কর্মীদের নিকট সংরক্ষণ করতে হবে।

অনুরোধক্রমেঃ চীফ সিকিউরিটি অফিসার।

## স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী যথাযথভাবে ব্যবহার প্রসঙ্গে

বিশ্বব্যাপী সংক্রমণ ছড়ানো প্রাণঘাতী করোনা ভাইরাস এর সংক্রমণ, সংক্রমণ হতে মৃতের সংখ্যা ক্রমশঃ বেড়েই চলেছে। বিশ্বের অন্যান্য দেশের পাশাপাশি বাংলাদেশেও করোনা ভাইরাস এর ভয়াবহতা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাসের সংক্রমণ হতে সুরক্ষায় ইতোমধ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানসহ হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, হাত ধৌত করার ব্যবস্থা করা, থার্মাল স্ক্যানার ব্যবহার, পিপিই প্রদান, সীমিত পরিসরে জীবানু নাশক ওষুধ স্প্রে করা ইত্যাদি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তদুপরি করোনা ভাইরাসের সংক্রমণে আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। সোনালী ব্যাংক লিমিটেড এর উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা-কর্মচারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং এমনকি করোনা ভাইরাসের সংক্রমণে বেশ কয়েকজন মৃত্যুবরণও করেছেন। করোনা ভাইরাসের আগ্রাসী সংক্রমণ হতে সুরক্ষায় ইতোমধ্যে সরবরাহকৃত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী এ ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ -কে যথাযথভাবে ব্যবহারের জন্য অনুরোধ করা হল। এছাড়াও শীঘ্রই আরও কিছু পিপিই প্রদান করা হবে। পিপিই প্রাপ্তির পর তা যথাযথভাবে ব্যবহার করার জন্যও অনুরোধ করা হল।

অনুরোধক্রমেঃ চীফ সিকিউরিটি অফিসার।